

উপজেলা যাকাত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ সোহরাব হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।


তারিখ : ১৩/০৩/২০২৪ খ্রিঃ, সময় : ১০.০০ টা

সভায় উপস্থিত সদস্য : পরিশিষ্ট- 'ক'

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ধর্মীয় দৃষ্টিকোণ থেকে যাকাতের গুরুত্ব তাৎপর্য উপস্থাপন করেন। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাজিপুর জানান যে, বিগত বছরের ন্যায় সমাজের বিত্তবানদের নিকট থেকে যাকাত আদায় পূর্বক আর্থমানবতার সেবায় সমাজের দুঃস্থ ও অসহায় শিশুদের চিকিৎসা, প্রতিবন্ধীদের আর্থিক সাহায্য, মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষাবৃত্তি প্রদানসহ ইত্যাদি কাজে যাকাতের অর্থ ব্যবহৃত হয়ে থাকে। ইতোমধ্যে যাকাত আদায় সম্পর্কে স্থানীয় ভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বছর কাজিপুর উপজেলায় ৪ লক্ষ যাকাত আদায়ের লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছে। কাজিপুর উপজেলা থেকে বিত্তবান বাস্তবদের নিকট যাকাতের অর্থ আদায়ের কার্যক্রম গ্রহণে সভায় উপস্থিত সদস্যদের সহযোগিতা কামনা করেন।
অতঃপর নিম্নে উল্লিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
যাকাতের গুরুত্ব ও সরকারি যাকাত ফান্ডে যাকাতের অর্থ জমাধানের বিষয়ে গুরুত্বারোপ সংক্রান্ত।	উপজেলায় যাকাতের অর্থ আদায় জোরদারকরণ বিষয়ে আলোচনা হয় এবং যাকাত উত্তোলন জোরদার করার লক্ষ্যে বিত্তবানদের নিকট এবং বিভিন্ন সংস্থার নিকট পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইসলামিক ফাউন্ডেশন কাজিপুর।
উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠান ভিত্তিক যাকাত আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ।	এ বিষয়ে সভায় আলোচনান্তে যাকাত আদায়ের সম্ভাব্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। লক্ষ্যমাত্রা (ক) ইসলামিক ফাউন্ডেশন ৮০,০০০/- (খ) প্রাথমিক শিক্ষা অফিসারের অধিনস্থ প্রতি স্কুল ১,০০০/- (গ) মাধ্যমিক শিক্ষা অফিসারের অধিনস্থ প্রতি স্কুল ১,০০০/-, প্রতি কলেজ ৫,০০০-১০,০০০/- প্রতি মাদ্রাসা ১,০০০/- (ঘ) উপজেলায় অবস্থিত প্রতি দপ্তর ২,০০০/- (ঙ) প্রতি বালু মহল ২০,০০০-৫০,০০০/- (চ) সার ব্যবসায়ী প্রতি ২,০০০/- (ছ) ভি আই পি পার্সন/ঠিকাদার ১০,০০০/- (জ) ইউপি চেয়ারম্যান প্রতিজন ২,০০০/- (ঝ) হাট ইজাদার ৫,০০০/-	উপজেলা নির্বাহী অফিসার ও ইসলামিক ফাউন্ডেশন, কাজিপুর, সিরাজগঞ্জ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।


মোঃ সোহরাব হোসেন

উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।

ও


সভাপতি

উপজেলা যাকাত কমিটি
কাজিপুর, সিরাজগঞ্জ।

স্মারক নং- ০৫/ইফা:কাজি/যাকাতকমিটি/০৫/২০১৫/৩৫(২০০) তারিখ- ১৩/০৩/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিরাজগঞ্জ।
- ২। কর্মকর্তা
- ৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/মুহতামিম/সুপার কাজিপুর।
- ৪। চেয়ারম্যান কাজিপুর, সিরাজগঞ্জ।
- ৫। ব্যবসায়ী/ভিআইপি কাজিপুর, সিরাজগঞ্জ।
- ৬। অফিস নথি।


(এস.এম ফেরদৌস আলম)

ফিল্ড সুপারভাইজার

ও

সদস্য সচিব

উপজেলা যাকাত কমিটি
কাজিপুর, সিরাজগঞ্জ।